# যুগান্তর

তারিখ 04 DEC 2012
পৃষ্ঠা ২ কলাম

পছন্দের প্রার্থী নিয়োগে বিরোধিতা

# আমতলীতে প্রধান শিক্ষককে পেটালেন স্কুল সভাপতি

## শিক্ষকদের বিক্ষোভ-মানববন্ধন, পরীক্ষা বর্জন

**আমতলী (বরগুনা) প্রতিনিধি**

আমতলী খেকুয়ানী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ নিয়ে প্রধান শিক্ষক এসএম মহিউদ্দিন স্বপনকে পিটিয়ে আহত করা হয়েছে। তাকে পিটিয়েছেন স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও যুবলীগ নেতা আবদুস সোবাহান লিটন ও তার সহযোগীরা। এ ঘটনার বিচার দাবিতে আমতলী উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি রোববার আমতলী পৌর শহরে বিক্ষোভ মিছিল, মানববন্ধন ও বার্ষিক পরীক্ষা বর্জন কর্মসূচি পালন করেছে। এ ঘটনায় শনিবার রাতে আমতলী থানায় মামলা হয়েছে। পুলিশ এক আসামিকে গ্রেফতার করেছে।

জানা গেছে, ওই স্কুলের 'সহকারী প্রধান শিক্ষক' ও 'অফিস সহকারী' পদে নিয়োগের জন্য প্রধান শিক্ষক মহিউদ্দিন স্বপন বিধি মোতাবেক একটি জাতীয় পত্রিকায় ৩০ নভেম্বর বিজ্ঞপ্তি প্রকাশ করেন। কিন্তু তা মনোপূত না হওয়ায় শনিবার বিকাল ৫টার দিকে মুঠোফোনে প্রধান শিক্ষককে স্কুলে ডেকে নেন স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও আমতলী উপজেলা যুবলীগের সাংগঠনিক সম্পাদক আবদুস সোবাহান লিটন। সভাপতি তার পছন্দের প্রার্থীকে শিক্ষক হিসেবে নিয়োগ দেয়ার জন্য প্রধান শিক্ষককে চাপ প্রয়োগ করেন। এ নিয়ে তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। এ সময় সভাপতি মোবাইল ফোনে তার ভাই সোহাগ, সান্টু, সোহরাব হোসেন ও স্ত্রীর বড় ভাই শিমন শরীফকে ডেকে নিয়ে আসেন। তারা চাকু নিয়ে প্রধান শিক্ষককে ভয় দেখায়। একপর্যায়ে তারা প্রধান শিক্ষককে কিল, ঘুষি, লাথি মেরে আহত করেন। শিক্ষকের জামা-গেঞ্জি ছিঁড়ে ফেলে তারা। স্কুল সভাপতি আবদুস সোবাহান লিটন স্কুলে থাকা নগদ ৮৬ হাজার টাকা ও তার ভাই সান্টু প্রধান শিক্ষকের পকেটে থাকা ৭ হাজার টাকা ছিনিয়ে নিয়ে যায়। খবর পেয়ে উপজেলা ভাইস চেয়ারম্যান মো. মজিবুর রহমান পুলিশের মাধ্যমে প্রধান শিক্ষককে উদ্ধার করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
কার্যার্থে/অবগত্যর্থে